



স্বাধীনতার আকাঙ্ক্ষা এখনো অপূর্ণ: জামায়াত আমির



জাতীয় সংসদে বক্তব্য রাখছেন ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদে গণভোট ও জুলাই সনদ নিয়ে আলোচনার সূচনায় নিজেকে শহিদ পরিবারের সন্তান হিসেবে পরিচয় দিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান। মঙ্গলবার (৩১ মার্চ) ত্রয়োদশ জাতীয় সংসদের অধিবেশনে তিনি এ মন্তব্য করেন।

বক্তব্যে তিনি বলেন, স্বাধীনতার ৫৪ বছর পার হলেও দেশের মানুষের প্রত্যাশার অনেক কিছু এখনো পূরণ হয়নি। বিভিন্ন সময় সরকার পরিবর্তন হলেও স্বাধীনতার পূর্ণ লক্ষ্য বাস্তবায়নে ঘাটতি রয়ে গেছে বলে তিনি মন্তব্য করেন।

স্পিকারের উদ্দেশে তিনি বলেন, একজন বীর মুক্তিযোদ্ধা হিসেবে স্পিকারের অবদান গর্বের। পাশাপাশি নিজের পরিচয় তুলে ধরে তিনি উল্লেখ করেন, মুক্তিযুদ্ধে শহিদ হওয়া ব্যক্তিদের তালিকায় তাঁর পরিবারের সদস্যরাও রয়েছেন, যা তাঁর জন্য গৌরবের বিষয়।

ডা. শফিকুর রহমান আরও বলেন, দেশের রাজনৈতিক ইতিহাসে একাধিকবার জনগণের ভোটাধিকার ক্ষুণ্ণ হয়েছে। তাঁর ভাষায়, সাম্প্রতিক জুলাই-আগস্টের ছাত্র-জনতার আন্দোলন নতুন প্রত্যাশার জন্ম দিয়েছে, যার প্রধান লক্ষ্য হলো ভবিষ্যতে কোনো স্বৈরশাসনের পুনরাবৃত্তি ঠেকানো।

তিনি জানান, এই প্রত্যাশাকে সামনে রেখে বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে দীর্ঘ আলোচনার পর অন্তর্বর্তী সরকারের জন্য সংস্কার প্রস্তাব চূড়ান্ত করা হয়েছে এবং এ বিষয়ে রাষ্ট্রপতি প্রয়োজনীয় নির্দেশনাও দিয়েছেন।

গণতন্ত্র প্রসঙ্গে তিনি বলেন, একটি গণতান্ত্রিক ব্যবস্থায় বংশগত শাসনের কোনো স্থান নেই; জনগণের ভোটের মাধ্যমেই সরকার গঠিত হওয়ার কথা। তবে অতীতে নির্বাচিত সরকার থাকা সত্ত্বেও বহুবার জনগণের ভোটাধিকার সীমিত করা হয়েছে বলেও তিনি অভিযোগ করেন।